রেক্টর, বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট

এবং

সচিব ,বিদ্যুৎ বিভাগ,বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রনালয়
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০- জুন ৩০, ২০২১

# সূচিপত্র


কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদনের লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট চাহিদা

## বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউটের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of Bangladesh Power Management Institute)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট বিদ্যুৎ বিভাগের নিয়ন্ত্রণাধীন বিদ্যুৎ খাতের শীর্ষ প্রশিক্ষণ প্রতিষ্ঠান। বিদ্যুৎ খাতে সরকারী ও বেসরকারি খাতে কর্মরত প্রকৌশলী ও কর্মকর্তা-কর্মচারিদের প্রশিক্ষণের মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি করা বিপিএমআই-এর প্রধান কাজ। ৮ জুন, ২০১৭ তারিখে রেজিস্ট্রেশন প্রাপ্তি এবং ৫ মে ২০১৮ তারিখে আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করার পর থেকে ৩০ জুন ২০২০ সাল পর্যন্ত ৫৫টি প্রশিক্ষণ কোর্স এবং ৩টি কর্মশালার মাধ্যমে ১৯৪৪ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। নিজস্ব কোন অবকাঠামো সুবিধা না থাকা সত্ত্বেও এসব প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। একটি ভাড়া-ভিত্তিক ভবনে সীমিত পরিসরে প্রশিক্ষণ অবকাঠামো গড়ে তোলা হয়েছে, যেখানে আধুনিক প্রশিক্ষণ সুবিধা সৃজন করা হয়েছে।

### সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

- ভৌত অবকাঠামোর অভাব
- জনবলের স্বল্পতা
- যানবাহনের স্বল্পতা
- অর্থসংস্থানের অনিশ্চয়তা
- উচ্চ দক্ষতাসম্পন্ন প্রশিক্ষকের স্বল্পতা

### ভবিষ্যৎ পরিকল্পনা

- বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ এবং নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন ও ব্যবস্থাপনা উন্নয়নের স্বার্থে প্রশিক্ষণের মাধ্যমে এ খাতে কর্মকর্তা ও প্রকৌশলীদের সক্ষমতা আরও বৃদ্ধি করা;
- নবনিযুক্ত প্রকৌশলী ও কর্মকর্তাদের জন্য মানসম্মত বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখা;
- মধ্যম ও সিনিয়র লেভেলের কর্মকর্তাদের জন্য মানসম্মত পেশাগত উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা;
- অনলাইন প্রশিক্ষণ কোর্স জোরদার করা;
- প্রয়োজনীয় সংখ্যক মানসম্মত প্রশিক্ষক গড়ে তোলা;
- প্রশিক্ষণ প্রয়োজনীয়তা নিরূপণ কার্যক্রম শুরু করা।

### ২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

(ক) প্রশিক্ষণ সুবিধাদি বৃদ্ধি করা;

(খ) প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা-প্রকৌশলীদের প্রশিক্ষণ প্রদান করা;

(গ) প্রশিক্ষণে আইসিটি-র সর্বোচ্চ ব্যবহার করা;

(ঘ) কারিগরি, সাধারণ ও আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত সৃজনশীল ও উদ্ভাবনী চর্চার বিষয়ে ওয়ার্কশপের আয়োজন করা; এবং

(ঙ) বিদ্যুৎ বিভাগকে প্রশিক্ষণ বিষয়ে পরামর্শ ও সহায়তা প্রদান করা।

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

রেক্টর, বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট

এবং

সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০২০ সালের **জুলাই** মাসের **২৯** তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

### রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ, প্রধান কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

মানসম্মত বিদ্যুৎ সেবা প্রদানে সক্ষম জনবল সৃজনে যথাযথ প্রশিক্ষণের জন্য আন্তর্জাতিক মানের প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠা করা।

**১.২ অভিলক্ষ্য (Mission):**

বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ খাতের সুষম ও সমন্বিত উন্নয়নে পর্যাপ্ত দক্ষতাসম্পন্ন এবং নিবেদিতপ্রাণ কর্মীবাহিনী গড়ে তোলার লক্ষ্যে মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদান।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. বিদ্যুৎ খাতের কর্মীদের পেশাগত সক্ষমতার উন্নয়ন;

২. প্রশিক্ষণ প্রদানে বিদ্যুৎ বিভাগের সক্ষমতা বৃদ্ধি;

৩. বিপিএমআই-এর অবকাঠামোগত ও প্রশিক্ষণ সুবিধা বৃদ্ধি; এবং

৪. সৃজনশীল ও উদ্ভাবনী চর্চার মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন।

**১.৪ প্রধান কার্যাবলি**

১. বিদ্যুৎ বিভাগের আওতাধীন সংস্থা/কোম্পানির প্রকৌশলী ও কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান;

২. বিদ্যুৎ বিভাগের আওতাধীন সংস্থা/কোম্পানির প্রকৌশলী ও কর্মকর্তাদের কারিগরি, ব্যবস্থাপনাগত প্রশিক্ষণ প্রদান;

৩. বিদ্যুৎ খাতে বেসরকারী কোম্পানির প্রকৌশলী ও কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান;

৪. বিদ্যুৎ বিভাগকে প্রশিক্ষণ এবং জনবলের দক্ষতা উন্নয়ন সম্পর্কিত পরামর্শ ও সহায়তা প্রদান;

৫. জাতীয় ও আন্তর্জাতিক কর্মশালা, সেমিনার, সিম্পোজিয়াম ও কনফারেন্স আয়োজন; এবং

৬. সমধর্মী আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্ব প্রতিষ্ঠা ও নেটওয়ার্কিং বৃদ্ধি।

সেকশন ২

বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| জনগণকে বিদ্যুৎ সুবিধা প্রদানে জাতীয় সক্ষমতা বৃদ্ধি | প্রশিক্ষণার্থী সংখ্যা | জন | ৬৮১ | ১২৬৩ | ১৭০০ জন | ১৭৫০ জন | ১৮০০ জন | অর্থ বিভাগ<br>পরিকল্পনা কমিশন<br>বিইআরসি<br>বিদ্যুৎ বিভাগের আওতাধীন সংস্থা ও কোম্পানিসমূহ | বার্ষিক প্রতিবেদন, প্রশিক্ষণ সমাপ্তি প্রতিবেদন |

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২২ | প্রক্ষেপণ ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| [১] বিদ্যুৎ খাতের কর্মীদের পেশাগত সক্ষমতার উন্নয়ন | ৩৪ | [১.১] প্রশিক্ষণ বর্ষপঞ্জি প্রণয়ন | প্রশিক্ষণ বর্ষপঞ্জি প্রণীত | তারিখ | তারিখ | ৮ | - | ৩১ আগস্ট, ২০২০ | ৩০ সেপ্টেঃ, ২০২০ | ৩১ অক্টোঃ ২০২০ | ৩০ নভেঃ, ২০২০ | ৩১ নভেঃ, ২০২০ | - | - | - |
| | | [১.২] বুনিয়াদি প্রশিক্ষণের আয়োজন করা | বুনিয়াদি প্রশিক্ষণের আয়োজিত | সমষ্টি | কোর্সের সংখ্যা | ৫ | - | ১ | ১ | - | - | - | - | ২ | ২ |
| | | [১.৩] কারিগরি, আর্থিক ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণে প্রশিক্ষণ প্রদান | কারিগরি, আর্থিক ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণে প্রশিক্ষিত কর্মকর্তা | সমষ্টি | সংখ্যা | ১৩ | - | ১২৬৩ | ১৭০০ | ১৬০০ | ১৫০০ | ১৪০০ | ১৩০০ | ১৭৫০ | ১৮০০ |
| | | [১.৪] প্রশিক্ষণ জনদিবস অর্জন | প্রশিক্ষণ জনদিবস অর্জিত | সমষ্টি | জনদিবস | ৪ | | ১০,৯৫৫ | ১৪,০০০ | ১৩,৫০০ | ১৩,০০০ | ১২,৫০০ | ১২,০০০ | ১৪,৫০০ | ১৫,০০০ |
| | | [১.৫] প্রশিক্ষণ জনঘন্টা অর্জন | প্রশিক্ষণ জনঘন্টা অর্জিত্ | সমষ্টি | জনঘন্টা | ৪ | | ৮৭,৬৪০ | ১,০০,০০০ | ৯৮,০০০ | ৯৬,০০০ | ৯৪,০০০ | ৯২,০০০ | ১,০২,০০০ | ১,০৪,০০০ |
| [২] প্রশিক্ষণ প্রদানে বিদ্যুৎ বিভাগের সক্ষমতা বৃদ্ধি | ২৬ | [২.১] প্রশিক্ষক প্রশিক্ষণ প্রদানের আয়োজন | প্রশিক্ষক প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | কোর্সের সংখ্যা | ১৮ | - | - | ৪ | ৩ | ২ | ১ | | ৫ | ৫ |
| | | [২.২] প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত ওয়ার্কশপ আয়োজন | প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত ওয়ার্কশপ অনুষ্ঠিত | | সংখ্যা | ৮ | - | - | ২ | - | - | - | - | ২ | ২ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২২ | প্রক্ষেপণ ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| [৩] বিপিএমআই-এর অবকাঠামোগত ও প্রশিক্ষণ সুবিধা বৃদ্ধি | ৩০ | [৩.১] অনলাইন প্রশিক্ষণ সুবিধা সৃজন | অনলাইন প্রশিক্ষণ সুবিধা সৃজিত | গড় | % | ১১ | - | - | ৮০ | ৭০ | ৬০ | - | - | - | - |
| | | [৩.২] লাইব্রেরির জন্য বই ক্রয় | লাইব্রেরির জন্য বই ক্রয়কৃত | | সংখ্যা | ৭ | - | - | ২০০ | ১৮০ | ১৬০ | ১৪০ | ১২০ | - | - |
| | | [৩.৩] বিপিএমআই-এর ই-ফাইলিং চালু | বিপিএমআই-এর ই-ফাইলিং চালুকৃত | তারিখ | তারিখ | ১২ | - | - | ৩১ জানুঃ ২০২১ | ২৮ ফেব্রুঃ ২০২১ | ৩১ মার্চ ২০২১ | ৩০ এপ্রিল ২০২১ | - | - | - |
| [৪] সৃজনশীল ও উদ্ভাবনী চর্চার মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন | ১০ | [৪.১] সৃজনশীল ও উদ্ভাবনী বিষয়ে কর্মশালার আয়োজন করা | সৃজনশীল ও উদ্ভাবনী বিষয়ে কর্মশালার আয়োজন করা | সমষ্টি | সংখ্যা | ১০ | - | - | ২ | ১ | - | - | - | ৩ | ৪ |

আমি, রেক্টর, বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়- এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, রেক্টর, বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

.............................................................. ২৯ জুলাই, ২০২০

রেক্টর,
বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট

তারিখ

.............................................................. ২৯ জুলাই ২০২০

সচিব
বিদ্যুৎ বিভাগ,
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

তারিখ

সংযোজনী-১

# শব্দসংক্ষেপ
# (Acronyms)

| | |
|---|---|
| আরপিসিএল | রুরাল পাওয়ার কোম্পানি লিঃ |
| এপিএ | এ্যানুয়াল পারফরমেন্স এগ্রিমেন্ট |
| এপিএসসিএল | আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিঃ |
| এনডাব্লুপিজিসিএল | নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ |
| ওজোপাডিকো | ওয়েস্ট-জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ |
| ইজিসিবি | ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি লিঃ |
| কেপিআই | কি পারফরমেন্স ইনডিকেটর |
| বি-আর পাওয়ারজেন | বিপিডিবি-আরপিসিএল পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ |
| বিআইএফপিসিএল | বাংলাদেশ-ইন্ডিয়া ফ্রেন্ডশিপ পাওয়ার কোম্পানি লিঃ |
| বিইআরসি | বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন |
| বিআরইবি | বাংলাদেশ রুরাল ইলেক্ট্রিফিকেশন বোর্ড |
| বিপিডিবি | বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ড |
| বিপিএমআই | বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট |
| পিপিএ | পাওয়ার পারচেজ এগ্রিমেন্ট |
| টিপিপি | টেকনিকেল প্রজেক্ট প্রোফর্মা |
| ডেসকো | ঢাকা ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানি লিঃ |
| ডিপিডিসি | ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ |
| নেসকো | নর্দার্ন পাওয়ার কোম্পানি লিঃ |
| সিপিজিসিএল | কোল পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ |
| স্রেডা | সাসটেইনেবল এন্ড রিনিউয়েবল এনার্জি ডেভেলপমেন্ট অথরিটি |

## সংযোজনী-২

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| মিক | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | প্রমাণকের উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | [১.১] প্রশিক্ষণ বর্ষপঞ্জি প্রণয়ন | প্রশিক্ষণ বর্ষপঞ্জি প্রণীত | প্রশিক্ষণ বর্ষপঞ্জি প্রণয়ন ও প্রকাশ করা | প্রোগ্রাম ও প্ল্যানিং উইং | বর্ষপঞ্জির প্রকাশ | বিপিএমআই-এর বর্ষপঞ্জি |
| | [১.২] বুনিয়াদি প্রশিক্ষণের আয়োজন করা | বুনিয়াদি প্রশিক্ষণের আয়োজিত | বুনিয়াদি প্রশিক্ষণ অনুষ্ঠিত হওয়া | প্রশিক্ষণ উইং | বুনিয়াদি প্রশিক্ষণের সংখ্যা | প্রশিক্ষণ সমাপ্তি প্রতিবেদন |
| | [১.৩] কারিগরি, আর্থিক ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণে প্রশিক্ষণ প্রদান | কারিগরি, আর্থিক ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণে প্রশিক্ষিত কর্মকর্তা | কারিগরি, আর্থিক ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হওয়া | প্রশিক্ষণ উইং | প্রশিক্ষণ কোর্সের সংখ্যা | প্রশিক্ষণ সমাপ্তি প্রতিবেদন |
| | [১.৪] প্রশিক্ষণ জনদিবস অর্জন | প্রশিক্ষণ জনদিবস অর্জিত | প্রশিক্ষণ জনদিবস অর্জিত | প্রশিক্ষণ উইং | প্রশিক্ষণপ্রাপ্ত জনদিবস | প্রশিক্ষণ সমাপ্তি প্রতিবেদন ও বার্ষিক প্রতিবেদন |
| | [১.৫] প্রশিক্ষণ জনঘন্টা অর্জন | প্রশিক্ষণ জনঘন্টা অর্জিত | প্রশিক্ষণ জনঘন্টা অর্জিত হওয়া | প্রশিক্ষণ উইং | প্রশিক্ষণপ্রাপ্ত জনঘন্টা | প্রশিক্ষণ সমাপ্তি প্রতিবেদন ও বার্ষিক প্রতিবেদন |
| | [২.১] প্রশিক্ষক প্রশিক্ষণ প্রদানের আয়োজন | প্রশিক্ষক প্রশিক্ষণ আয়োজিত | প্রশিক্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হওয়া | প্রশিক্ষণ উইং | অংশগ্রহণকারীর সংখ্যা | প্রশিক্ষণ সমাপ্তি প্রতিবেদন |
| | [২.২] প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত ওয়ার্কশপ আয়োজন | প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত ওয়ার্কশপ অনুষ্ঠিত | প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত ওয়ার্কশপ অনুষ্ঠিত হওয়া | প্রশাসন উইং | ওয়ার্কশপের সংখ্যা | ওয়ার্কশপের প্রতিবেদন |
| | [৩.১] অনলাইন প্রশিক্ষণ সুবিধা সৃজন | অনলাইন প্রশিক্ষণ সুবিধা সৃজিত | অনলাইন প্রশিক্ষণ সুবিধা সৃজন করা | প্রশাসন উইং | অনলাইনে প্রশিক্ষণ সুবিধা | বার্ষিক প্রতিবেদন |
| | [৩.২] লাইব্রেরির জন্য বই ক্রয় | লাইব্রেরির জন্য বই ক্রয়কৃত | লাইব্রেরির জন্য বই ক্রয় করা | প্রোগ্রাম ও প্ল্যানিং উইং | বইয়ের সংখ্যা | লাইব্রেরির রেকর্ড |
| | [৩.৩] বিপিএমআই-এর ই-ফাইলিং চালু | বিপিএমআই-এর ই-ফাইলিং চালুকৃত | বিপিএমআই-এর ই-ফাইলিং চালু করা | প্রশাসন উইং | ই-ফাইলিং চালু হওয়া | ই-ফাইলিং-এ নিষ্পত্তিকৃত নথি |
| | [৪.১] সৃজনশীল ও উদ্ভাবনী বিষয়ে কর্মশালার আয়োজন করা | সৃজনশীল ও উদ্ভাবনী বিষয়ে কর্মশালার আয়োজিত | সৃজনশীল ও উদ্ভাবনী বিষয়ে কর্মশালার আয়োজন করা | প্রশাসন উইং | কর্মশালার সংখ্যা | কর্মশালার প্রতিবেদন |

## সংযোজনী-৩

### অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/ প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড<br>বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড<br>সাসটেইনেবল এন্ড রিনিউয়েবল এনার্জি ডেভেলপমেন্ট অথরিটি<br>পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ<br>ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ<br>ঢাকা ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানি লিঃ<br>ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ<br>নর্দার্ন ইলেক্ট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিঃ<br>আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিঃ<br>নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ | প্রশিক্ষণ প্রদান করা | প্রশিক্ষণ প্রদানকৃত | (ক) যথাসময়ে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান করা<br>(খ) প্রশিক্ষণ ফি সময়মত পরিশোধ করা | (ক) সংস্থার কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়<br>(খ) প্রশিক্ষণের ব্যয় নির্বাহের জন্য অর্থের নিশ্চয়তা প্রয়োজন। | (ক) প্রশিক্ষণার্থী না পাওয়া গেলে লক্ষ্যমাত্রা পূরণ হবে না<br>(খ) প্রশিক্ষণ ফি সময়মত পরিশোধ করা না হলে প্রশিক্ষণ কার্যক্রম ব্যহত হবে। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি লিঃ | | | (গ) ফিল্ড ভিজিটের জন্য সহায়তা | (গ) ফিল্ড ভিজিটের জন্য সংশ্লিষ্ট সংস্থার সহায়তা প্রয়োজন। | (গ) সহায়তা না পাওয়া গেলে প্রশিক্ষণের অপরিহার্য অংগ ফিল্ড ভিজিট ব্যহত হবে। |
| কোল পাওয়ার জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লিঃ | | | | | |
| রুরাল পাওয়ার কোম্পানি লিঃ | | | | | |
| বি-আর পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ | | | | | |
| আইপিপিসমূহ | | | | | |
| | | | (ঘ) বিদ্যুৎ বিভাগ কর্তৃক ধার্যকৃত অনুদানের অর্থ যথাসময়ে পরিশোধ | (ঘ) প্রশিক্ষণ সুবিধাদি বৃদ্ধির জন্য অর্থ সহায়তা প্রয়োজন। | (ঘ) প্রশিক্ষণ সুবিধাদি বৃদ্ধি করা না হলে প্রশিক্ষণ কার্যক্রম ব্যহত হবে। |